# সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ উপকরণ
# বিতরণ ও প্রদর্শন গাইডলাইন

USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

আই ই এম ইউনিট
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

BKMI
Communication | Capacity | Coordination

যুগ্ম সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও
পরিচালক, আইইএম
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির আওতায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিট তথ্য, শিক্ষা ও যোগাযোগ (আইইসি) অপারেশনাল প্ল্যান বাস্তবায়ন করছে। অপারেশনাল প্ল্যান বাস্তবায়নকল্পে ইউনিট হতে সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ (এসবিসিসি) কার্যাবলী গৃহীত হয়েছে। সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ (এসবিসিসি)-এর কার্যাবলীসমূহ দক্ষতার সাথে ও কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত ইউএসএআইডি'র আর্থিক সহায়তায় পরিচালিত বিসিসি কার্যক্রমে সহায়তাকারী বিকেএমআই প্রকল্প বিগত ২০১১ সাল হতে বিভিন্নভাবে কারিগরি সহায়তা দিয়ে আসছে।

এসডিজি লক্ষ্যমাত্রা ও রূপকল্প-২০২১ এর সফল বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে উদ্দিষ্ট জনগোষ্ঠির মাঝে মা-শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক সচেতনতা সৃষ্টি এবং সেবায় আগ্রহ ও চাহিদা বৃদ্ধির প্রয়াসে আইইএম ইউনিট বিভিন্ন প্রকার প্রচার সামগ্রী তৈরি এবং ক্যাম্পেইন কৌশল প্রণয়ন করে আসছে।

এক্ষেত্রে বিকেএমআই প্রকল্প আইইএম ইউনিটের সামগ্রিক দক্ষতা বৃদ্ধিকল্পে বিশেষত প্রচার উপকরণাদির কার্যকর প্রদর্শন ও উদ্দিষ্ট জনগোষ্ঠীর কাছে সময়মতো পৌঁছানোর ব্যবস্থাকে আরো শক্তিশালী করার অংশ হিসাবে প্রচার সামগ্রীর বিদ্যমান বিতরণ ও প্রদর্শন ব্যবস্থা সমীক্ষা করে একটি মানসম্মত 'সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ উপকরণ বিতরণ ও প্রদর্শন গাইডলাইন' প্রস্তুত করেছে জেনে আমি আনন্দিত।

আশা করি, এই গাইডলাইনটি স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি বিষয়ে মাঠ পর্যায়ে সরকারি ও বেসরকারি সংস্থার প্রচার সামগ্রী দক্ষতার সাথে বিতরণ ও সাফল্যজনকভাবে প্রদর্শনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের সহায়তা করবে।

মোঃ ফেরদৌস আলম

পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও
লাইন ডাইরেক্টর, জাতীয় পুষ্টি সেবা
মহাখালী, ঢাকা-১২১২।

স্বাস্থ্য খাতে বিশেষত মা ও শিশু স্বাস্থ্য উন্নয়নে বাংলাদেশের অব্যাহত অগ্রগতি আজ বাংলাদেশকে আন্তর্জাতিক ও আঞ্চলিক পর্যায়ে সুখ্যাতি'র শীর্ষে তুলে ধরেছে। তবে এই উল্লেখযোগ্য অগ্রগতি সত্বেও পুষ্টি ক্ষেত্রে আমাদের অবস্থান স্বাস্থ্য ক্ষেত্রে সামগ্রিক উন্নয়নকে বাঁধাগ্রস্ত করছে। এর একটি গুরুত্বপূর্ণ কারণ হচ্ছে পুষ্টি ক্ষেত্রে আচরণ পরিবর্তন যোগাযোগ (বিসিসি) কার্যক্রমে তুলনামূলকভাবে পিছিয়ে থাকা।

এ জন্যে পুষ্টি বিষয়ে সারাদেশের জনগণকে হালনাগাদ তথ্য ও বার্তা প্রদানের লক্ষ্যে আচরণ পরিবর্তন যোগাযোগ (বিসিসি) কার্যক্রম আরও জোরদার করার প্রয়োজন রয়েছে। ইতিমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির বাস্তবায়নে বিসিসি কার্যক্রম জোরদার করার প্রয়াস নেয়া হয়েছে। এ কার্যক্রমকে জোরদার করার জন্য একটি পৃথক বিসিসি টিম গঠন করে যোগাযোগের নতুন নতুন কর্মকৌশল প্রণয়ন, উপকরণ তৈরি ও বিশেষ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে ইউএসএআইডি'র আর্থিক সহায়তায় পরিচালিত বিসিসি কার্যক্রমে সহায়তাকারী বিকেএমআই প্রকল্প এ সকল কার্যক্রমে নিয়মিত সহায়তা প্রদান করে যাচ্ছে।

আচরণ পরিবর্তন যোগাযোগ কার্যক্রমকে সফল করার লক্ষ্যে প্রচার-প্রচারণার নতুন নতুন উপকরণ তৈরি ও উদ্দিষ্ট জনগোষ্ঠীর কাছে তা পৌঁছানো এবং বোধগম্যভাবে প্রদর্শনের লক্ষ্যে প্রকল্পটি মাঠ পর্যায়ে প্রচার সামগ্রীর বিতরণ ও প্রদর্শন ব্যবস্থা সমীক্ষা করেছে। এরই ভিত্তিতে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টরে আচরণ পরিবর্তন যোগাযোগ (বিসিসি) কার্যক্রমকে শক্তিশালী করার উদ্দেশ্যে 'সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ উপকরণ বিতরণ ও প্রদর্শন গাইডলাইন' প্রণয়ন করা হয়েছে।

আমার বিশ্বাস, এই গাইডলাইনটি কেন্দ্রীয় হতে মাঠ পর্যায় পর্যন্ত বিসিসি কার্যক্রম পরিচালনাকারী কর্মকর্তা-কর্মচারীগণকে তাদের দায়িত্ব যথাযথভাবে দক্ষতার সাথে প্রতিপালনে সহায়তা প্রদান করবে।



ডাঃ এ. বি. এম. মুজহারুল ইসলাম

প্রধান
স্বাস্থ্য শিক্ষা ব্যুরো
স্বাস্থ্য অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশে সকল শ্রেণীর নাগরিকদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকল্পে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি বাস্তবায়ন করছে। এই কর্মসূচি বাস্তবায়নে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে সেবা প্রদানের পাশাপাশি সেবার চাহিদা সৃষ্টি ও গুণগত মান উন্নয়নের লক্ষ্যে সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ (এসবিসিসি) কার্যক্রমের অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তরের অধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরো দীর্ঘদিন যাবত স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ব্যাপকভাবে প্রচার-প্রচারণার জন্য বিভিন্ন প্রকার মুদ্রণ সামগ্রী প্রস্তুত, বিতরণ ও প্রদর্শন এবং বেতার-টেলিভিশনে ক্যাম্পেইন ও মাঠ পর্যায়ে এভি ভ্যান যোগে চলচ্চিত্র প্রদর্শন কার্যক্রম পরিচালনা করে আসছে।

আচরণ পরিবর্তন যোগাযোগ (বিসিসি) কার্যক্রমের জন্য প্রস্তুতকৃত এই সকল প্রচার সামগ্রী বিতরণ ও প্রদর্শনকে আরো দক্ষ ও কার্যকর করার জন্য স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে ইউএসএআইডি'র আর্থিক সহায়তায় পরিচালিত বিসিসি কার্যক্রমে সহায়তাকারী সংস্থা বিকেএমআই প্রকল্প হতে 'সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ উপকরণ বিতরণ ও প্রদর্শন গাইডলাইন' প্রণয়ন করা হয়েছে।

আশা করি, স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে 'সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ উপকরণ বিতরণ ও প্রদর্শন গাইডলাইন'টি প্রচারণা কার্যক্রমকে দক্ষতার সাথে বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের সহায়তা করতে বিশেষ ভূমিকা রাখবে।

শরীফা বেগম

প্রজেক্ট ডাইরেক্টর
বাংলাদেশ নলেজ ম্যানেজমেন্ট ইনিশিয়েটিভ (বিকেএমআই)
মিরপুর-১১, ঢাকা-১২১৬

বাংলাদেশে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি বিষয়ক সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ (এসবিসিসি) কার্যক্রমকে আধুনিক প্রক্রিয়া ও প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে আরো শক্তিশালী, পরস্পরের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং ফলপ্রসূ করার জন্য ইউএসএআইডি'র আর্থিক সহায়তায় এবং বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস্ (বিসিসিপি)-এর কারিগরি সহায়তায় বিকেএমআই ২০১১ সাল থেকে তথ্য, শিক্ষা ও উদ্বুদ্ধকরণ (আইইএম) ইউনিট, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো (বিএইচই) ও জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান (আইপিএইচএন)-এর সাথে সরাসরি কাজ করে চলেছে। তারই ধারাবাহিকতায় সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ (এসবিসিসি) কার্যক্রমে ব্যবহৃত বিভিন্ন যোগাযোগ উপকরণের সঠিক ব্যবহার, সংরক্ষণ ও প্রদর্শন বিষয়ে বিকেএমআই প্রকল্প থেকে এক সমীক্ষা পরিচালিত হয়।

এই সমীক্ষার ফলাফলের ভিত্তিতে তিনটি ইউনিটের সহযোগিতায় 'সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ উপকরণ বিতরণ ও প্রদর্শন গাইডলাইন' তৈরি করা হয়েছে। এটি যোগাযোগ উপকরণ বিতরণ ও প্রদর্শন ব্যবস্থাকে আরো দক্ষ ও কার্যকর করে তুলতে ভূমিকা রাখবে বলে আমরা বিশ্বাস করি।

এই গাইডলাইনটির মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পাশাপাশি এসবিসিসি কার্যক্রম পরিচালনাকারী অন্যান্য সংস্থাও ব্যবহার করে উপকৃত হতে পারেন। এই গাইডলাইন তৈরিতে যারা অবদান রেখেছেন তাদের প্রত্যেককে বিকেএমআই' এর পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাই। সার্বিক সহযোগিতার জন্য ইউএসএআইডি'কেও জানাই অসংখ্য ধন্যবাদ।

সর্বশেষে, এই গাইডলাইনটি যদি সঠিকভাবে ব্যবহার করা হয় তবেই এটি তৈরি করা সার্থক হবে। সুতরাং সংশ্লিষ্ট সকলকে এই গাইডলাইন যথাযথভাবে ব্যবহার করে নিজ নিজ এসবিসিসি কার্যক্রমকে আরো ফলপ্রসূ করে তুলবেন এই আমাদের প্রত্যাশা।

রেবেকা আরনল্ড

# সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ উপকরণ বিতরণ ও প্রদর্শন গাইডলাইন

## সূচনা:

যেকোনো স্বাস্থ্য বিষয়ক সামাজিক ও আচরণ পরিবর্তন যোগাযোগ (এসবিসিসি) কর্মসূচির সফল বাস্তবায়ন নির্ভর করে প্রিন্ট, অডিও-ভিজুয়াল ও বহির্বিভাগীয় প্রচার মাধ্যমের উপকরণাদির কার্যকর বিতরণ, প্রদর্শন ও ব্যবহারের উপর। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিদ্যমান (২০১৫) বিসিসি উপকরণ বিতরণ ও প্রদর্শনের পদ্ধতির উপর পরিচালিত এক সমীক্ষায় এসবিসিসি উপকরণ বিতরণ ও প্রদর্শনের একটি সাধারণ নীতিমালা/ নির্দেশাবলীর প্রয়োজনীয়তা অনুভূত হয়। যাতে এসকল এসবিসিসি উপকরণ ঈপ্সিত লক্ষ্য অর্জন ও উদ্দিষ্ট জনগোষ্ঠীর কাছে পৌঁছাতে সক্ষম হয়।

**এসবিসিসি উপকরণ বিতরণ ও প্রদর্শন গাইডলাইনের উদ্দেশ্য:** বিসিসি কার্যক্রমের জন্য প্রস্তুতকৃত **সঠিক** উপকরণটি **সঠিক** উৎস থেকে, **সঠিক** পরিমাণে, **সঠিক** অবস্থায়, **সঠিক** গন্তব্যে, **সঠিক** সময়ে এবং **সঠিক** ব্যয়ে, **সঠিক**ভাবে প্রদর্শন করাই বিসিসি উপকরণের একটি যথার্থ ও কার্যকর গাইডলাইনের উদ্দেশ্য।

এই গাইডলাইনের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হচ্ছে-

## প্রধাণত:

- বিতরণ ও প্রদর্শন পদ্ধতির উদ্দেশ্যসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে তুলে ধরা;
- চাহিদাভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের বিষয়টি বর্ণনা করা;
- কার্যকর মনিটরিং ও ফিডব্যাক এবং মূল্যায়ন সম্পর্কে সংক্ষেপে বর্ণনা করা;
- বিসিসি ফোকাল পারসনের গুরুত্ব, ভূমিকা ও দায়িত্ব পর্যালোচনা করা এবং
- বিতরণ ও প্রদর্শনের জন্যে গাইডলাইন ব্যাখ্যা করা। অর্থাৎ-

### বিতরণের জন্যে:

- যথাযথ গুদামজাতকরণ/ স্টোরেজ সম্পর্কে বর্ণনা করা;
- প্যাকেজিং সম্পর্কে প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান;
- যথাযথভাবে ব্যবহারের রূপরেখা প্রণয়ন করা;
- পরিবহন বিষয়ে বর্ণনা করা;
- সঠিক ব্যয় বিষয়ে অবহিত করা;
- তথ্য লিপিবদ্ধকরণের যথাযথ প্রক্রিয়া বর্ণনা করা; ও
- সঠিকভাবে প্রতিবেদন তৈরির ধারণা প্রদান।

প্রদর্শনের জন্যে-

- মুদ্রণ সামগ্রী প্রদর্শনের বর্ণনা;
- অডিও/ ভিডিও উপকরণ প্রদর্শনের বর্ণনা; ও
- আউটডোর মিডিয়া প্রদর্শনের জন্যে বর্ণনা।

## গাইডলাইনের ব্যবহারকারী-

সাধারণভাবে বলতে গেলে বিসিসি উপকরণ বিতরণ ও প্রদর্শনের এই গাইডলাইনটি মূলত বিতরণ কিংবা প্রদর্শনের প্রক্রিয়া বা পদক্ষেপের সাথে যারা সম্পৃক্ত রয়েছেন তাদের জন্য প্রণীত। যাই হোক, স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে নিয়োজিত তিনটি পর্যায়ের কর্মকর্তাদের পদবীসহ এই গাইডলাইনটির সম্ভাব্য ব্যবহারকারীর একটি তালিকা নিচে প্রদান করা হলো:

- প্রধান কার্যালয়: লাইন ডাইরেক্টর, প্রোগ্রাম ম্যানেজার, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার এবং সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ
- জেলা: সিভিল সার্জন, উপপরিচালক-পরিবার পরিকল্পনা, সহকারী পরিচালক (এফপি/ সিসি), ডেপুটি সিভিল সার্জন, মেডিক্যাল অফিসার (সিএস), স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা (সিনিয়র ও জুনিয়র) এবং
- উপজেলা: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেডিক্যাল অফিসার (এমসিএইচএফপি), সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

## প্রয়োজনীয় সংজ্ঞাসমূহ:

- বিতরণ: বিতরণ হলো প্রধান কার্যালয়ে বিসিসি উপকরণের ক্রয়/সংগ্রহ থেকে শুরু করে প্রত্যন্ত এলাকার কর্মীদের কাছে সহজলভ্য করার মধ্যবর্তী সকল কার্যক্রম।
- প্রদর্শন: মাঠ পর্যায়সহ যে কোন স্তরে বিসিসি কার্যক্রমে নিযুক্ত সংশ্লিষ্ট কর্মীদের কাছে বিসিসি উপকরণ পৌঁছানোর পর থেকে প্রদর্শন কার্যক্রম শুরু হয় এবং এর লক্ষ্য হচ্ছে বিসিসি উপকরণটির বিষয়/ বার্তা সম্পর্কে উদ্দিষ্ট সেবাগ্রহীতাদের অবহিত করা।
- সংগ্রহ: সংগ্রহ হচ্ছে বিতরণ ও প্রদর্শনের জন্যে বিসিসি উপকরণসমূহ সরকার, এনজিও বা অন্যান্য উৎস থেকে সংগ্রহ করা। বিসিসি উপকরণ বিতরণ ও প্রদর্শন এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে প্রস্তুতকৃত বিসিসি উপকরণের বিষয় বা বার্তাটি কাঙ্ক্ষিত সেবাগ্রহীতাগণকে অবহিত করার লক্ষ্যে প্রধান কার্যালয় বা প্রস্তুতকারীর কাছ থেকে সংগ্রহ করে মাঠ পর্যায়ে কর্মীদের কাছে পৌঁছে দেয়া যায়। এই সংগ্রহ কার্যক্রমটি কার্যকরভাবে সম্পন্ন করার জন্যে এর কিছু সুনির্দিষ্ট উদ্দেশ্য ও লক্ষ্য থাকা বাঞ্ছনীয়।
- এসবিসিসি উপকরণ বিতরণ ও প্রদর্শন ব্যবস্থা: কেন্দ্রীয় পর্যায়ে এসবিসিসি উপকরণ সংগ্রহ থেকে শুরু করে তৃণমূল পর্যায়ে মাঠকর্মীর নিকট সহজলভ্য করার সাথে সম্পৃক্ত সকল কার্যাবলীর প্রক্রিয়াকে বোঝানো হচ্ছে। অর্থাৎ উদ্দিষ্ট জনগোষ্ঠীকে অবহিত করার উদ্দেশ্যে এসবিসিসি উপকরণ সহজলভ্য করার প্রক্রিয়া।

## চাহিদাভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ

প্রস্তুতকৃত বিসিসি উপকরণের মাধ্যমে সম্ভাব্য সর্বোচ্চ মানের প্রভাব সৃষ্টির লক্ষ্যে বিসিসি উপকরণ বিতরণ ও প্রদর্শন ব্যবস্থার সিদ্ধান্ত নেয়ার সময় নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় নেয়া প্রয়োজন।ঃ

- পরিমাণ: নির্দিষ্ট ভৌগলিক এলাকার জনসংখ্যা, স্বাস্থ্যগত আচরণের অবস্থা ও উদ্দিষ্ট জনগোষ্ঠী বিবেচনা করে ঐ এলাকার জন্য পর্যাপ্ত পরিমাণ এসবিসিসি উপকরণ বরাদ্দ করতে হবে।

- **বিষয়/ টপিক:** কিছু কিছু জেলায় অন্য জেলা হতে স্বাস্থ্য বা রোগে আক্রান্ত হওয়ার ধরনে ভিন্নতা রয়েছে। ঐ সকল জেলাকে জনসংখ্যা বিষয়ক তথ্যাদি (যথা- জনমিতিক ও স্বাস্থ্য জরিপ) বিবেচনায় নিয়ে যেখানে যে ধরনের রোগের প্রভাব বা স্বাস্থ্যগত আচরণের বিষয়টি অনুধাবন করে চিহ্নিত করতে হবে। এক্ষেত্রে মনিটরিং ও ফিডব্যাকে প্রাপ্ত তথ্যাদি ব্যবহার করা যেতে পারে। বিশেষত উপজেলা ও জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ তাদের পরিদর্শন বা মনিটরিং প্রতিবেদনে কোন এসবিসিসি উপকরণ বেশি বা কম দিতে হবে মর্মে সুপারিশ করেন তা বিবেচনায় নিতে হবে।
- **সময়:** বিতরণ প্রক্রিয়ায় প্রস্তুতিমূলক কাজ ও পরিকল্পনা, নির্ধারিত জেলা/ উপজেলায় উপকরণ পরিবহন এবং সংশ্লিষ্ট এসবিসিসি উপকরণের বিষয়ে মাঠকর্মীদের করণীয় ও দায়িত্ব সম্পর্কে অবহিতকরণ সংক্রান্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত। এছাড়াও বছরের বিশেষ সময়, আবহাওয়ার গতি প্রকৃতি, কৃষির ধরন, এলাকার মানুষের গমন-নির্গমন ধারণা, নির্বাচন, বিশেষ দিন বা সপ্তাহ উদযাপন ইত্যাদিও বিবেচনায় নিতে হবে।
- **উদ্দিষ্ট জনগোষ্ঠী (লিঙ্গভিত্তিক)ঃ** এসবিসিসি উপকরণসমূহ উদ্দিষ্ট জনগোষ্ঠীর কাছে পৌঁছানো বা দৃশ্যমান করার জন্য কীভাবে বিতরণ বা প্রদর্শন করা হবে? কোন কোন স্থানে এই সকল উপকরণ পাঠানো হবে? যদি নারীদের কাছে পৌঁছানোর লক্ষ্য থাকে, তাহলে নারীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য কীভাবে কাজের পরিকল্পনা করতে হবে?

## মনিটরিং এবং ফিডব্যাক

- বিতরণ ও প্রদর্শন কার্যক্রমের ঈপ্সিত ফলাফল অর্জনের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়নকারী ও সিদ্ধান্ত গ্রহীতাদের বোঝার জন্য বিতরণ ও প্রদর্শন কার্যক্রমের মনিটরিং ও ফিডব্যাক গ্রহণ সহায়তা করে। গৃহীত কার্যক্রম, স্টাফ ব্যবস্থাপনা, বাজেট ও এসবিসিসি উপকরণের প্রতি উদ্দিষ্ট জনগোষ্ঠী এবং অন্যান্য স্টেকহোল্ডারদের প্রতিক্রিয়া জানার জন্য মনিটরিং খুবই গুরুত্বপূর্ণ।

## এসবিসিসি কার্যক্রম মনিটরিং-এর জন্য ৩ (তিন) ধরনের টুলস রয়েছে:

- এম এন্ড ই চেকলিষ্ট (সংযোজনী ১ দেখুন);
- ইউনিট ভিত্তিক ছক (সংযোজনী ২ দেখুন); এবং
- এভি ভ্যান শো বাস্তবায়ন প্রতিবেদন প্রণয়ন ও মনিটরিং টুলস (সংযোজনী ৩ দেখুন)

## এসবিসিসি ফোকাল পারসন

এসবিসিসি কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্যে কেন্দ্রীয়, জেলা, উপজেলা এবং কমিউনিটি (CC, UH & FWC) পর্যায়ে একজন করে বিসিসি ফোকাল পারসন থাকতে হবে। বিতরণ ও প্রদর্শন ব্যবস্থার সাথে সম্পৃক্ত সকল কর্মকর্তাদের কাছে সকল এসবিসিসি ফোকাল পারসনদের ফোন নম্বরসহ নামের তালিকা প্রদান করতে হবে। এসবিসিসি ফোকাল পারসনগণ তার প্রশাসনিক এলাকার সকল বিসিসি কার্যক্রমের সমন্বয় সাধন এবং সহযোগিতা প্রদানের দায়িত্ব পালন করবেন।

## বিতরণ গাইড লাইন

বিতরণ প্রক্রিয়ার সকল ধাপে গুরুত্বপূর্ণ বিষয়সমূহ বিবেচনায় নিতে হবে।

- **গুদামে সংরক্ষণ/স্টোরেজ**

  এসবিসিসি উপকরণ গুদামে সংরক্ষণ/ স্টোরেজের জন্যে স্টোরে সুনির্দিষ্ট স্থান চিহ্নিত থাকা আবশ্যক। এসবিসিসি উপকরণ স্টোরে রাখার জন্যে আদর্শ স্টোরেজ নীতিমালা অনুসরণ করা প্রয়োজন। এই স্টোরেজ নীতিমালা এসবিসিসি উপকরণভেদে ভিন্ন ভিন্ন হয়। যেমন: মুদ্রণ সামগ্রী, ইলেকট্রনিক ইত্যাদি। স্টোর হওয়া উচিত বিস্তৃত পরিসরে সুসজ্জিত, ধুলোবালিমুক্ত, বায়ু-চলাচল উপযোগী এবং নিরাপদ। এসবিসিসি উপকরণ তাকে থাকা বাঞ্ছনীয়। এসবিসিসি উপকরণ গুদামজাতকরণের জন্য ইউনিটের প্রধান কার্যালয়ে, জেলায়, উপজেলায়, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং কমিউনিটি ক্লিনিকে পৃথক সংরক্ষণ এলাকা চিহ্নিত থাকা প্রয়োজন।

- **প্যাকেজিং**

  এসবিসিসি উপকরণ যেন গন্তব্যে না যাওয়া পর্যন্ত পূর্বতন অবস্থায় থাকে, সেজন্য এর প্যাকেজিং উত্তম মানের হওয়া বাঞ্ছনীয়। প্রতিটি উপকরণের প্যাকেজিং-এ সংশ্লিষ্ট উপকরণের সুনির্দিষ্ট ব্যবহারবিধি/ প্রদর্শন নীতিমালা অন্তর্ভুক্ত করতে হবে। প্যাকেজিং-এর সময় এমনভাবে লেবেল আঁটতে হবে যেন এর অন্তর্ভুক্ত উপকরণ, উপকরণে বর্ণিত বিসিসি বার্তা, উপকরণের পরিমাণ, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, ফোন নং ও গন্তব্যস্থল স্পষ্টভাবে দেখা যায়। গুদামজাতকরণের নীতিমালা অনুযায়ী এ ধরনের উপকরণের ক্ষেত্রে করণীয় অনুসারে প্যাকেজের গায়ে সুনির্দিষ্ট প্রতীক চিহ্ন লাগাতে হবে। যাতে উপকরণসমূহ যথাযথ ও নিরাপদভাবে বোঝাই ও খালাস করা সম্ভব হয়।

- **হ্যান্ডলিং ও সতর্কতা**

  এসবিসিসি উপকরণ হ্যান্ডলিং করা খুবই গুরুত্বপূর্ণ। কারণ এগুলো উদ্দিষ্ট জনগণের কাছে ভালো অবস্থায় পৌছাতে হবে। হ্যান্ডলিং সংক্রান্ত নির্দেশনামূলক প্রতীক এসবিসিসি উপকরণ প্যাকিং করার সময় প্যাকেজের গায়ে মুদ্রিত আকারে লাগিয়ে দিতে হবে। এসব নির্দেশনা অনুসরণের জন্য সংশ্লিষ্ট ব্যক্তির প্রয়োজনীয় প্রশিক্ষণ ও দক্ষতা থাকা প্রয়োজন।

- **পরিবহন**

  কর্মসূচির সফল বাস্তবায়নে অন্যান্য দ্রব্য সামগ্রীর পাশাপাশি এসবিসিসি উপকরণের পরিবহনেও সতর্কতা অবলম্বন প্রয়োজন। এজন্য বৃষ্টি ও রোদ থেকে সুরক্ষার অংশ হিসাবে যানবাহন ভালোভাবে ঢেকে রাখার ব্যবস্থা করতে হবে।

- **উপকরণ বিতরণ/ প্রেরণ**

  এসবিসিসি উপকরণ বিতরণ “পুশ”(কেন্দ্রীয় পর্যায় হতে বরাদ্দের ভিত্তিতে) ও “পুল” (মাঠ পর্যায়ের কর্মকর্তাদের উপকরণের জন্য প্রদত্ত চাহিদার ভিত্তিতে) উভয় পদ্ধতিতে করা যায়।

চিত্র- ১ ও ২ এর মাধ্যমে দুটি প্রশাসনিক পর্যায়ের Push ও Pull পদ্ধতির বিবরণ দেওয়া হলো।

| পুশ পদ্ধতি | পুল পদ্ধতি |
|---|---|
| উচ্চ পর্যায়ের ফ্যাসিলিটি<br>কেন্দ্রীয় পণ্যাগার/ আঞ্চলিক পণ্যাগার/ কেন্দ্রীয় ঔষধ সংরক্ষণাগার | উচ্চ পর্যায়ের ফ্যাসিলিটি<br>কেন্দ্রীয় পণ্যাগার/ আঞ্চলিক পণ্যাগার/ কেন্দ্রীয় ঔষধ সংরক্ষণাগার |
| নিম্ন পর্যায়ের ফ্যাসিলিটি<br>উপজেলা স্টোর | নিম্ন পর্যায়ের ফ্যাসিলিটি<br>উপজেলা স্টোর |

চিত্র- ১ কেন্দ্রীয়/ আঞ্চলিক স্টোর এবং উপজেলা স্টোর

| পুশ পদ্ধতি | পুল পদ্ধতি |
|---|---|
| উচ্চ পর্যায়ের ফ্যাসিলিটি<br>উপজেলা স্টোর | উচ্চ পর্যায়ের ফ্যাসিলিটি<br>উপজেলা স্টোর |
| নিম্ন পর্যায়ের ফ্যাসিলিটি<br>সার্ভিস ডেলিভারি পয়েন্ট/ মাঠকর্মী | নিম্ন পর্যায়ের ফ্যাসিলিটি<br>সার্ভিস ডেলিভারি পয়েন্ট/ মাঠকর্মী |

চিত্র- ২ উপজেলা স্টোর এবং সার্ভিস ডেলিভারি পয়েন্ট (এসডিপি)

- **তথ্য সংরক্ষণ**
  নির্দিষ্ট রেজিস্টার/ফরম ইত্যাদি পূরণের মাধ্যমে বিসিসি উপকরণ বিতরণ বিষয়ক তথ্য সংরক্ষণ করা যায়। **স্বয়ংক্রিয়ভাবে অর্থাৎ কম্পিউটারভিত্তিক:** পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ব্যবস্থাপনায় বর্তমানে ওয়ারহাউস ইনভেনটোরী ম্যানেজমেন্ট সিস্টেম (WIMS) এবং উপজেলা ইনভেনটোরী ম্যানেজমন্টে সিস্টেম(UIMS) চলমান রয়েছে। বিসিসি উপকরণ বিতরণ কার্যক্রমে এই ব্যবস্থাটি গ্রহণ করা যেতে পারে। একই পদ্ধতি স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে বিসিসি উপকরণ বিতরণের জন্যেও ব্যবহার করা যেতে পারে।

- **রিপোর্টিং**
  নির্ভুল, নিয়মিত এবং সময়ানুগ রিপোর্টিং একটি বাধ্যতামূলক কাজ। প্রধান কার্যালয়ে প্রেরণের পূর্বে রিপোর্টটি সুপারভাইজার কর্তৃক রিভিউ করা খুবই গুরুত্বপূর্ণ।

## প্রদর্শন গাইডলাইন

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি ক্ষেত্রে এসবিসিসি কার্যক্রমের সফলতা মূলত নির্ভর করে পরিমিত, সৃজনশীল এবং বিভিন্ন বিসিসি উপকরণের দক্ষ সমন্বয় নিশ্চিত করার ওপর। এটা মনে করার কোন কারণ নেই যে কোন একটি নির্দিষ্ট উপকরণই সবচেয়ে ভালো। বিভিন্ন আইইসি উপকরণের কৌশলগত সমন্বিত পরিকল্পনা গ্রহণ করা সম্ভব হলে তা স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি কার্যক্রমে সবচেয়ে বেশি সাফল্য বয়ে আনার সুযোগ সৃষ্টি করে।

প্রিন্ট, অডিও ভিজ্যুয়াল ও আউটডোর মিডিয়ার সফল প্রদর্শনে নিম্নোক্ত বিষয়গুলি বিবেচনা করা দরকার।

- **মুদ্রিত উপকরণের ব্যবহার**

| ক্রমিক নং | বিসিসি উপকরণ | কোথায় ব্যবহার করতে হবে | কীভাবে ব্যবহার করতে হবে |
|---|---|---|---|
| ১ | সংবাদ বিজ্ঞাপন | জাতীয় পর্যায়ে জাতীয় সংবাদপত্রের জন্যে | সহজে চোখে পড়ে এমন স্থানে এবং ডিএফপির প্রতিবেদনমতে ভালো সার্কুলেশনের সংবাদপত্রে বার্তা প্রচার |
| ২ | পোস্টার | কমিউনিটি, হাসপাতাল, ক্লিনিক, কাউন্সেলরের কক্ষ, বিভিন্ন সভা ও কর্মশালা ইত্যাদিতে। | ভালোভাবে দেখা যায়, এমন উচ্চতায় স্থাপন করতে হবে- ৬ থেকে সাড়ে ৬ ফুট। এই পরিমাপটি পোস্টারের নিচের অংশ থেকে মাটি পর্যন্ত উচ্চতায়। |
| ৩ | লিফলেট | শিক্ষিত অশিক্ষিত নির্বিশেষে সকলের জন্যে উপযুক্ত। সভায়, পরামর্শ সভায়, কর্মশালায়, বিশেষ দিবস উদ্‌যাপনে, হাট বাজারে, বাস স্ট্যান্ডে, চা-স্টলে, ক্লিনিকে ব্যবহার করা যেতে পারে। | শিক্ষিত মানুষকে উপকরণটি সাথে করে নিয়ে যাওয়ার জন্যে প্রদান করা যেতে পারে। কিন্তু অশিক্ষিত হলে তাকে পরামর্শ প্রদানের সময় মৌখিকভাবে তথ্য প্রদান করতে হবে। কর্ম-সহায়ক হিসেবেও এটি ব্যবহার করা যেতে পারে। |
| ৪ | ফ্লাশকার্ড | ক্লিনিকভিত্তিক পরামর্শ, গ্রুপ মিটিং | শ্রোতারা যাতে বিষয় এবং চিত্রের মধ্যে সম্পর্ক বুঝতে পারে সে বিষয়ে লক্ষ রাখতে হবে। যদি তারা বুঝতে সক্ষম না হয় তাহলে ভালোভাবে তা ব্যাখ্যা করে বোঝাতে হবে। |
| ৫ | ব্রোশিউর | ব্যক্তি পর্যায়ে, দলীয় পরামর্শস্থলে ও দলীয় সভায়। | উপকরণটি সবচেয়ে ভালো তাদের জন্য, যারা পড়তে পারেন। কাউন্সেলিংয়ের সময় উপকরণটি সেবাগ্রহীতাদেরকে ভালোভাবে দেখাতে হবে এবং তাদের নিজস্ব ভাষায় তা ব্যাখ্যা করতে হবে। উপকরণটি সেবা গ্রহীতাদের ব্যবহারের জন্যে দেওয়া যেতে পারে। তারা যেন উপকরণটি সংরক্ষণ করেন সে বিষয়ে পরামর্শ দিতে হবে। এটি কর্ম-সহায়ক উপকরণ হিসেবেও ব্যবহার করা যেতে পারে। |
| ৬ | স্টিকার | সেবা গ্রহীতাদের দৃষ্টি আকর্ষণের জন্যে ক্লিনিক, যানবাহন, বাড়ি, দরজা, আলমিরা ইত্যাদিতে ব্যবহার করা যেতে পারে। | সচেতনতা সৃষ্টির জন্য কাউন্সেলিং অধিবেশনে আগতদের কিংবা সেবাগ্রহীতাদের দৃষ্টি সীমার মধ্যে লাগানোর জন্য দেয়া যেতে পারে। |
| ৭ | ফ্লিপ চার্ট | উঠান বৈঠক, ব্যক্তি পর্যায়ে পরামর্শ, ছোট দলীয় সভা। | ব্যবহারকারীদের বিষয়টি সম্পর্কে যথেষ্ট ধারণা থাকতে হবে। প্রত্যেক সেবাগ্রহীতা যেন ফ্লিপ চার্ট ভালোভাবে বুঝতে পারে সে বিষয়ে দৃষ্টি দিতে হবে। |

- অডিও/ ভিডিও উপকরণ

  অডিও-ভিজ্যুয়াল উপকরণসমূহ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি বিষয়ে শিক্ষামূলক বার্তা উদ্দিষ্ট জনগোষ্ঠীর কাছে সরাসরি উপস্থাপন করে। স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্য ও বার্তা উদ্দিষ্ট জনগোষ্ঠীর কাছে এসব উপকরণের মাধ্যমে প্রেরণ করা হয়। সুতরাং উদ্দেশ্য বাস্তবায়নের জন্যে এই মিডিয়া ব্যবহারের সময় যথার্থ ধাপসমূহ অনুসরণ করা জরুরি।

## এভি ভ্যান শো বা চলচ্চিত্র প্রদর্শনীর জন্য করণীয় ধাপসমূহ

### ক. প্রদর্শনীর পূর্বে:

১। **চলচ্চিত্র প্রদর্শনীর জন্যে একটি পরিকল্পনা (তালিকা)** প্রণয়ন হলো প্রাথমিক কাজ। এ তালিকাটি অর্থ-বছরের শুরুতেই করা উচিত এবং প্রতি তিন মাস অন্তর তা পর্যালোচনা করে দেখা উচিত। এতে কোনো পরিবর্তন হলে তা সঙ্গে সঙ্গে অন্তর্ভুক্ত করা উচিত।

২। প্রদর্শনীর বিষয়/ প্রতিপাদ্য নির্ধারণ করে সেভাবে ভিডিও বাছাইপূর্বক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করুন। বিষয়ভিত্তিক উপযুক্ত উদ্দিষ্ট জনগোষ্ঠী নির্বাচন করুন। লিখিত আকারে সংশ্লিষ্টদের পরিকল্পনাটির অনুলিপি দিন ও সংরক্ষণ করুন।

৩। সংশ্লিষ্ট জোনের স্থানীয় **পরিবার পরিকল্পনা পরিদর্শক (এফপিআই)/ স্বাস্থ্য পরিদর্শক (এইচআই)/ সহকারি স্বাস্থ্য পরিদর্শক (এএইচআই)দের** সাথে চলচ্চিত্র প্রদর্শনীর কমপক্ষে সাত দিন পূর্বে যোগাযোগ করে তাদেরকে তারিখ, সময় ও প্রদর্শনীর বিষয় এবং উদ্দিষ্ট জনগোষ্ঠী সম্পর্কে অবহিত করুন, যাতে তারা নিচে বর্ণিত কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পন্ন করতে সক্ষম হন।

(ক) স্থানীয় কর্তৃপক্ষের নিকট থেকে প্রদর্শনীর নির্ধারিত স্থানের জন্য অনুমতি গ্রহণ করতে পারেন।

(খ) প্রদর্শনীর স্থানটি নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী প্রস্তুত রাখতে পারেন।

(গ) উদ্দিষ্ট জনগোষ্ঠী যাতে প্রদর্শনীতে অংশগ্রহণে সক্ষম হন সেজন্য অবহিত করার/প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারেন।

(ঘ) মাঠ পর্যায়ে প্রদত্ত সেবার তথ্যাদি প্রস্তুত রাখতে পারেন।

(ঙ) সেবাপ্রদানকারীদের উপস্থিতি নিশ্চিত করতে পারেন।

(চ) কমিউনিটির জনগণ/ স্থানীয় নেতৃবৃন্দ/ বেসরকারি সংস্থা/ সরকারি কর্মকর্তাগণকে প্রদর্শনী সম্পর্কে অবহিত করতে পারেন এবং বিষয়টি প্রয়োজনে স্মরণ করিয়ে দিতে পারেন।

৪। **প্রজেকশনিস্ট/এভিওদের নিজস্ব প্রস্তুতি:** চলচ্চিত্র প্রদর্শনীর কমপক্ষে সাত দিন পূর্বে শো'র বিষয়বস্তু নির্ধারণ করতে হবে।

(ক) প্রচারযোগ্য বিষয়টি পূর্বাহ্নে দেখে এ সম্পর্কে নিজেরা ধারণা নিন এবং উদ্দিষ্ট জনগোষ্ঠীর জন্যে তা যথার্থ মর্মে নিশ্চিত হোন।

(খ) শ্রোতাদের সম্ভাব্য প্রশ্নের উত্তর প্রস্তুত রাখুন এবং স্থানীয়ভাবে প্রদানযোগ্য পরিবার পরিকল্পনা সেবা প্রস্তুত রাখুন।

(গ) শ্রোতাদের কুইজে অংশগ্রহণের জন্যে প্রশ্ন প্রস্তুত করুন। এমন প্রশ্ন করুন যাতে শুধুমাত্র হ্যাঁ বা না উত্তর না হয়।

(ঘ) প্রদর্শনী শেষে উপসংহার/ সারকথা/ প্রদর্শনীর জরুরি বার্তা প্রদানের জন্যে প্রস্তুতি গ্রহণ করুন।

(ঙ) কুইজে যারা সঠিক উত্তর দিতে পেরেছেন তাদেরকে সাধারণ অথচ প্রয়োজনীয় উপহার প্রদানের জন্যে ব্যবস্থা গ্রহণ করুন।

ত্রৈমাসিক তালিকা একবার চূড়ান্ত হয়ে গেলে তা সঠিকভাবে অনুসরণ করতে হবে। প্রতি সাময়িকীর শুরুতেই ত্রৈমাসিক তালিকার বিস্তারিত কার্যক্রম পরিচালনা করতে হবে।

৫। সংশ্লিষ্ট এইচআই/ এফপিআই-কে পরবর্তী কর্মসূচি সম্পর্কে দুদিন পূর্ব থেকেই স্মরণ করিয়ে দিন এবং প্রস্তুতিমূলক কাজের একটি তালিকা তৈরি করুন (কার্যক্রম-৩ এ বর্ণিত ক–চ পর্যন্ত) যা স্থানীয়ভাবে এইচআই/ এএইচআই/ এফপিআই দ্বারা সম্পন্ন হয়েছে।

৬। প্রদর্শনীর স্থানে যাওয়ার পূর্বে এইচআই/ এফপিআই-কে অবহিত করুন। ট্রাফিক জ্যাম, স্বল্প সময়ের ক্যাম্পেইন এবং নির্ধারিত সময়সূচির কথা বিবেচনায় রেখে একটু আগেভাগেই যাত্রা শুরু করুন।

## খ. প্রদর্শনীকালে-

১। প্রদর্শনী স্থানে পৌঁছার পর

(ক) এফপিআই/ এইচআই-এর সাথে যোগাযোগ করে প্রদর্শনীর স্থান ও উদ্দিষ্ট জনগোষ্ঠী সম্পর্কে জেনে নিন।

(খ) কমিউনিটির জনগণ/স্থানীয় নেতৃবৃন্দ/এনজিও/সরকারি কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে উৎসাহিত করুন।

(গ) প্রদর্শনী-সরঞ্জাম প্রস্তুত রাখুন এবং পরীক্ষা করে দেখুন, শ্রোতা-দর্শকদের জন্যে অডিও-ভিডিওর ছবি পরিষ্কার এবং শব্দ স্পষ্ট ও জোরালো কি-না।

(ঘ) সাথে আনা বিসিসি সামগ্রী/ উপকরণ সাজিয়ে রাখুন।

২। প্রদর্শনীতে অন্য কোনো কাজে আগত উপস্থিত কর্মকর্তাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করুন (যেমন- মনিটরিং কর্মকর্তা)।

৩। সময়মতো প্রদর্শনী শুরু করুন। উষ্ণ স্বাগত বার্তা দিয়ে এবং ভিডিও প্রদর্শনীর উদ্দেশ্য সম্পর্কে দর্শক-শ্রোতাদের জানিয়ে কার্যক্রম শুরু করুন।

৪। প্রদর্শনী শুরুর ২/৩ মিনিটের মধ্যে শ্রোতাদের জিজ্ঞেস করুন তারা ঠিকমতো শুনতে ও দেখতে পাচ্ছেন কি-না। যদি তারা হ্যাঁ বলে তবে প্রদর্শনী অব্যাহত রাখুন, কিন্তু যদি কোনো সমস্যা হয় তাহলে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করুন।

৫। প্রদর্শনীর মধ্যবর্তী সময়ে একটি বিরতি দিন। দর্শকদের কোনো জিজ্ঞাস্য আছে কি-না, জেনে নিন। দর্শকগণ প্রদর্শনীর প্রতিপাদ্য বুঝতে পেরেছেন কি-না তা জানতে খোলাখুলি প্রশ্ন করুন। ত্বরিতভিত্তিতে দর্শকসংখ্যা গুণে নিন এবং এদের মধ্যে সাধারণ ও উদ্দিষ্ট দর্শক-বিভাজন করে নোট রাখুন।

৬। প্রদর্শনী স্থান ও দর্শকদের ছবি তোলার ব্যবস্থা নিন (এভি ভ্যান ড্রাইভার এ কাজে সহায়তা করতে পারেন)।

৭। চলচ্চিত্র প্রদর্শনী শেষে প্রশ্নোত্তর অধিবেশন শুরু করুন।

(ক) কোনোপ্রকার আবেগ ছাড়াই প্রশ্নগুলোর উত্তর দিন। শ্রোতাদের পক্ষ থেকে উত্থাপিত কোনো প্রশ্নের জবাবে বিচারকসুলভ প্রকাশভঙ্গি প্রদর্শন করা উচিত হবে না। প্রদর্শনীর মূল বার্তা সংক্ষেপে তুলে ধরুন।

(খ) দর্শকের সাথে সাবলীল সংলাপ বিনিময় করুন। যেমন- নির্দিষ্ট একটি আচরণের ক্ষেত্রে প্রতিবন্ধকতা বা প্রদর্শনীর একটি চরিত্রের বৈশিষ্ট্য অথবা প্রদর্শিত ভিডিওর পরিবেশে দর্শক নিজে হলে কী করতেন ইত্যাদি।

৮। প্রদর্শনীর বিষয়বস্তুর সাথে সংশ্লিষ্ট কোনো মুদ্রিত বিসিসি উপকরণ থাকলে তা বিতরণ করুন।

৯। সম্ভব হলে স্থানীয়ভাবে প্রদত্ত সেবা, সেবাকেন্দ্রের অবস্থান, সেবার জন্যে প্রেরণযোগ্য সেবা কেন্দ্র এবং কী জাতীয় সেবার জন্যে সাধারণত সেবাকেন্দ্রে প্রেরণ করা হয় ইত্যাদি বিষয়ে অবহিত করুন।

১০। সেবা প্রদানকারী প্রস্তুত থাকলে সেবা প্রদান করা যেতে পারে।

১১। প্রদর্শনী শেষে ১০ মিনিটের জন্যে একটি সংক্ষিপ্ত কুইজ অধিবেশন শুরু করুন। কুইজ অধিবেশনে শ্রোতাদের জন্যে প্রদর্শনীর বিষয় ও বার্তা সম্পর্কে ৫টি পূর্ব-নির্ধারিত প্রশ্ন থাকবে। শ্রোতাদের মধ্যে যারা সঠিকভাবে উত্তর দিতে সক্ষম হবেন তাদের সবাইকে পুরস্কৃত করুন। স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে এ ধরনের পুরস্কার প্রদান উৎসাহব্যঞ্জক হবে। খুবই সাধারণ কিন্তু কার্যকর উপহার, যেমন- পেন্সিল, চকলেট, ইরেজার- এসব তাদের মধ্যে খুবই আগ্রহের সৃষ্টি করতে পারে।

১২। শ্রোতা-দর্শকসহ সকলকে ধন্যবাদ জানিয়ে প্রদর্শনী শেষ করুন।

১৩। প্রদর্শনীর সরঞ্জামাদি গুটিয়ে কর্মস্থলে প্রত্যাবর্তন করুন।

## গ. প্রদর্শনীর পরঃ

১। প্রজেকশনিস্ট/ এভিওদের প্রতিবেদন ছক পূরণ করুন।

২। **সুপারভাইজারদের সাথে প্রস্তুতকৃত প্রতিবেদনটি নিয়ে আলোচনা করুন ও ফিডব্যাক নিন** (মনিটরিং ফলাফলসহ) এবং ফিডব্যাক-এর ফলাফল পরবর্তী প্রদর্শনীর জন্যে পরিকল্পনায় অন্তর্ভুক্ত করুন।

## এসবিসিসি অডিওভিজ্যুয়াল উপকরণের ব্যবহার

| ক্রমিক নং | বিসিসি উপকরণ/ মিডিয়া | কোথায় ব্যবহৃত হবে | কীভাবে ব্যবহার করতে হবে |
|---|---|---|---|
| ১ | অডিও ক্যাসেট (গান/নাটক/ রেডিও প্রোগ্রাম | গ্রুপ মিটিং | **গ্রুপ মিটিংয়ের পূর্বে:** সতর্কতার সাথে বিষয় নির্বাচন করুন। কর্মীগণকে নির্ধারিত বিষয়টি মনোযোগ দিয়ে শুনতে হবে। পরিকল্পনা গ্রহণ করুন এটি কীভাবে মিটিংয়ে ব্যবহৃত হবে, বিষয়টি কীভাবে উপস্থাপন করা হবে এবং আলোচনা করা হবে। নিশ্চিত করুন যে, এ সম্পর্কিত সকল সরঞ্জামাদি ঠিকমতো কাজ করছে (টেপ রেকর্ডার, ক্যাসেট, ব্যাটারি ইত্যাদি)<br><br>**গ্রুপ মিটিংয়ের সময়:** শ্রোতাদের অনুরোধ করুন যেন তারা বিষয়টি ভালোভাবে শোনেন। এ বিষয়ে শ্রোতাদেরকে কিছু প্রশ্ন করুন এবং শেষে এ বিষয়ে আলোচনা উত্থাপন করুন। বিষয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ মুদ্রণ সামগ্রী আলোচনার সময় ব্যবহার করুন। |
| ২ | ভিডিও প্রদর্শনী | কমিউনিটিতে সমাবেশ, গ্রোথ সেন্টার, সার্ভিস ডেলিভারি সেন্টারের ওয়েটিং রুম এবং উঠান বৈঠক | উপরের বর্ণনামতে |

- **আউট ডোর**

বিসিসি উপকরণ প্রদর্শনীর সময় নিম্নলিখিত বিষয়গুলো আউটডোর সেটিং-এ ব্যবহারের জন্য বিবেচনায় আনতে হবে। জনসংখ্যার ঘনত্ব, গ্রোথ সেন্টার (হাট/ বাজার / ইউপি অফিস/ পোস্ট অফিস/ কমিউনিট সেন্টার ইত্যাদি) কমিউনিটি সমাবেশের স্থানসমূহ

## এসবিসিসি আউটডোর উপকরণ/ মিডিয়ার ব্যবহার

| ক্রমিক নং | বিসিসি উপকরণ/মিডিয়া | কোথায় ব্যবহৃত হবে | কীভাবে ব্যবহৃত হবে |
|---|---|---|---|
| ১ | পথ নাটক | শক্তিশালী মিডিয়া, জনসমাগম স্থানে। | অডিও-ভিজ্যুয়াল প্রদর্শনীতে আলোচনা অধিবেশনের মতো এ ক্ষেত্রেও আয়োজন করতে হবে। |
| ২ | লোক সঙ্গীত | আকর্ষণীয় মিডিয়া। উঠান বা কোনো উন্মুক্ত স্থান ব্যবহার করা যেতে পারে। | স্থানীয়ভাবে জনপ্রিয় শিল্পী ও গান নির্বাচন করতে হবে। |
| ৩ | মাইক | ক্ষুদ্র পরিসরের কমিউনিটি | মাইক এমনভাবে মাঝখানে স্থাপন করতে হবে যাতে চারদিকের শ্রোতারা ভালোভাবে শুনতে পান। |
| ৪ | বিলবোর্ড | বিভিন্ন আকৃতির হয়ে থাকে। এটি একটি গুরুত্বপূর্ণ মিডিয়া। বিলবোর্ড এমনভাবে স্থাপন করতে হবে যাতে পথচারীদের দৃষ্টি আকর্ষণে সক্ষম হয়। | বিলবোর্ড যাতে গাছ, গাছের ডাল, বৈদ্যুতিক খুঁটি দ্বারা ঢাকা না পড়ে বা অন্য কোনোকিছুকেও যেন ঢেকে ফেলে সেদিকে লক্ষ রেখেই বিলবোর্ড স্থাপন করতে হবে। যদি বিলবোর্ড স্থাপনে প্রকল্পের কোনো নির্দেশনা থাকে তবে সেভাবেই তা স্থাপন করতে হবে। |

## যে সকল এসবিসিসি উপকরণ ব্যবহৃত হয়ে আসছে*

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতে বিপুলসংখ্যক এসবিসিসি উপকরণ সরকারি, এনজিও এবং অন্যান্য সংস্থায় ব্যবহৃত হয়ে আসছে। এসবিসিসি উপকরণ বিভিন্ন মিডিয়া উপযোগী করে তৈরি করা হয়। এসব উপকরণ তিন ভাগে ভাগ করা যায় এবং ব্যবহৃত মিডিয়া তিনটি শ্রেণিতে অন্তর্ভুক্ত করা যায়। যথা-ইলেক্ট্রনিক, প্রিন্ট ও আউটডোর- এগুলো নিম্নরূপ:

### প্রিন্ট মিডিয়া

১. সংবাদপত্র
২. লিফলেট
